

খণ্ড ১

একটি আয়াত একটি গল্প
লেখক : সালাহউদ্দীন জাহাঙ্গীর

EKTI AYAT EKTI GOLPO
By Salahuddin Jahangir

cÖ_g cÖKvk : RyjvB 2021
লেখক কর্তৃক সর্বস্বত্ত্ব সংরক্ষিত
প্রচ্ছদ ও অঙ্কন : কারুকাজ
(বিদেশ বইয়ের ধারণা অবলম্বনে রচিত)

প্রকাশক : তারুণ্য প্রকাশন
দোকান ১৩, ২য় তলা, ইসলামী টাওয়ার
১১/১ বাংলাবাজার, ঢাকা ১১০০
০১৯৭৯ ৮৫৬৭২১, ০১৯৭৯-৮৫৬৭২২

g~j̄ : 100 [GK k] UvKv gv̄
Price : BDT 100.00 US \$ 3.00

কাজের শুরুতে বিসমিল্লাহ বলা

بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ

আল্লাহর নামে শুরু করছি যিনি দয়ালু ও মেহেরবান

(সুরা ফাতিহা, আয়াত ১)


দাদার উপদেশ

সাকিব আর সাদী তাদের নানার সঙ্গে বাগানে ফল পাড়ছিল।
সাদী গাছে ওঠে ফল পাড়ছিল আর সাকিব নিচে থেকে
সেগুলো ঝুড়িতে রাখছিল। নানা তাদের ডেকে বললেন,
'সোনামনিরা, বিসমিল্লাহ বলে ফল পাড়ো এবং বিসমিল্লাহ
বলে ঝুড়িতে রাখো, যাতে আমাদের কাজ আল্লাহর নামে শুরু
হয়।'

সাকিব আর সাদী ফল পাড়ায় এত ব্যস্ত ছিল, তারা নানার
কথা শুনলাই না।

দেখতে দেখতে ফলের ঝুড়ি ভরে গেল। নানা ঝুড়িটি
উঠানের সময় বললেন, 'বিসমিল্লাহ! আল্লাহ, তুমি আমাদের
ফলে বরকত দান করো।' এই কথা বলে তিনি ঝুড়িটি
বারান্দায় নিয়ে রাখলেন।





সাদী গাছের উপর থেকে জিজ্ঞেস করল, ‘নানাভাই,
তুমি বার বার বিসমিল্লাহ আর আল্লাহর নাম বলছো কেন?’

নানা বললেন, ‘নানুভাই, যখন আমরা কোনো কাজ
বিসমিল্লাহ এবং আল্লাহর নামে শুরু করব তখন আমাদের
কাজ সকল বিপদ-আপদ থেকে মুক্ত থাকবে এবং আল্লাহ
আমাদের কাজে বরকত দান করবেন।’

সাকিঁব আর সাদী বলে উঠল, ‘সত্যি নানাভাই?’

নানা মুচকি হেসে বললেন, ‘হ্যাঁ নানুভাই, নানার
উপদেশ কখনো ভুলে যেয়ো না।’

